

নিজস্ব তহবিল গঠন করছে ঢাবি ব্যয় হবে শিক্ষা-গবেষণা, প্রকাশনা, বৃত্তি ও চিকিৎসায়

■ বিশ্ববিদ্যালয় রিপোর্টের

বিশ্বমানের শিক্ষা ও গবেষণা নিশ্চিত করতে এবং শিক্ষক-শিক্ষার্থীদের প্রয়োজনীয় কাছাসেবা দেয়ার লক্ষ্যে একটি নিজস্ব তহবিল গঠন করতে যাচ্ছে ঢাকা বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ। ঢাকা বিশ্ববিদ্যালয় ফান্ড নামের এ তহবিলটি পরিচালনার জন্য ডিসির নেতৃত্বে একটি পরিচালনা পরিষদ গঠন করা হয়েছে। তহবিলটি লক্ষ্য অনুযায়ী পরিচালিত হলে বিশ্ববিদ্যালয়ের শিক্ষা ও গবেষণার মান বৃদ্ধিতে এটি একটি মাইলফলক হয়ে থাকবে বলে আশা করছেন সংশ্লিষ্টরা।

তহবিলটির প্রস্তাবক ও পরিচালনা পরিষদের সদস্য অধ্যাপক মো. আবতালুজ্জামান জানান, দেশ-বিদেশের বিভিন্ন প্রতিষ্ঠান ও সংস্থা, ব্যাংক-বীমা ও আর্থিক প্রতিষ্ঠান, বিশ্ববিদ্যালয়ের এডামনাই সদস্য ও প্রাক্তন শিক্ষার্থী এবং তাদের প্রতিষ্ঠান, দানশীল ব্যক্তি এবং বিভিন্ন দেশি-বিদেশি এনজিও বা বেসরকারি প্রতিষ্ঠানের দেয়া অর্থের মাধ্যমে তহবিলটি গঠন ও বৃদ্ধি করা হবে। সংগৃহীত অর্থ বিশ্ববিদ্যালয়ের শিক্ষক-শিক্ষার্থীদের শিক্ষা-গবেষণা, প্রকাশনা, বৃত্তি এবং চিকিৎসা-এই চারটি খাতে ব্যয় করা হবে। সংশ্লিষ্টরা জানান, গত বছর বিশ্ববিদ্যালয়ের সিনেট

অধিবেশনে 'ঢাকা বিশ্ববিদ্যালয় বিশেষ ফান্ড' গঠনের প্রস্তাবনা পেশ করেন সিনেট ও সিন্ডিকেট সদস্য অধ্যাপক মো. আবতালুজ্জামান। সিনেটে প্রস্তাবটি বিবেচিত হয়। এটি পরিচালনা বিষয়ে বিস্তারিত প্রতিবেদন দিতে চার সদস্যের একটি কমিটি গঠন করেন বিশ্ববিদ্যালয়ের ডিসি অধ্যাপক আ. আ. ম. স. আয়েজিন সিদ্দিক। গত ২৮ ফেব্রুয়ারি সিন্ডিকেটের সভায় প্রতিবেদনটি গৃহীত হয়। ঐ সভায় ডিসি অধ্যাপক আয়েজিন সিদ্দিককে সভাপতি মনোনীত করে তহবিলটির পরিচালনা পরিষদ গঠন করা হয়। পরিষদের অন্য সদস্যরা হলেন- অধ্যাপক তাহমেরী এস এ ইসলাম, অধ্যাপক খন্দকার বজ্রশূল হক, ড. মোহাম্মদ মঈনুল ইসলাম ও এস এম বাহাদুল মজনুন। সদস্য সচিবের দায়িত্ব পালন করবেন বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার (ডায়েরি) সৈয়দ রেজাউর রহমান।

এ সংক্রান্ত প্রতিবেদন থেকে জানা যায়, তহবিলের অর্থ সংগ্রহের জন্য প্রতিবছর সরকার বা গ্রাইপ্রধান, জাতীয় ও আন্তর্জাতিক পর্যায়ে বিশিষ্ট ব্যক্তি, রাজনীতিবিদ, শিক্ষাবিদ, সংগঠক, খ্যাতিমান সাংস্কৃতিক ব্যক্তিদের উপস্থিতিতে একটি অনুষ্ঠানের আয়োজন করা হবে। এ অনুষ্ঠানের মধ্য দিয়ে তহবিলে অর্থ সংগ্রহ করা হবে।